বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

তারিখ: ৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১০৫

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [২.৪] মোতাবেক আয়োজিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)' শীর্ষক পর্যালোচনা কর্মশালার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর কার্যক্রম [২.৪] মোতাবেক গত ২৪ নভেম্বর ২০২৪ তারিখ বিএআরসিতে 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)' শীর্ষক পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পর্যালোচনা কর্মশালার কার্যবিবরণী (২৪.১১.২৪)

২৩-১২-২০২৪
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
+৮৮০২-৪১০২৫২৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
২। সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৩। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৪। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৫। সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৬। সদস্য পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৭। পরিচালক, অর্থ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৮। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃষি তথ্য কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৯। পরিচালক, সাপোর্ট সার্ভিস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১০। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১২। পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১৩। পরিচালক (চলতি দায়িত্ব), টিটিএমইউ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মৃত্তিকা ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৫। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), বন ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৬। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৭। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি প্রকৌশল ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১০৫/১ (৪)

তারিখ: ৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।

৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।।

৪। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

২৩-১২-২০২৪
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পর্যালোচনা কর্মশালার কার্যবিবরণী

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা মোতাবেক [২.৪.১] কর্মসম্পাদন সূচকের আওতায় আয়োজিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পর্যালোচনা কর্মশালা' ২৪ নভেম্বর ২০২৪ সকাল ৯:৩০ ঘটিকায় বিএআরসি'র কনফারেন্স রুম-২ - এ ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বিএআরসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় কাউন্সিলের ০৭ টি বিভাগ ও এর আওতাধীন ইউনিট ও শাখার ৫৮ জন বিজ্ঞানী ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা); ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) ও মো: মুস্তাফিজুর রহমান, পরিচালক (চলতি দায়িত্ব), (জনশক্তি ও প্রশিক্ষণ), বিএআরসি।

জনাব মো: আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি স্বাগত বক্তব্য ও বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়নের গাইডলাইন বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন । তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থার সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen charter) কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তাবায়নে কর্মশালা আয়োজনের গুরুত্ব তুলে ধরেন। তিনি আরও উল্লেখ করেন সেবা প্রদান প্রতিশ্রুতি/নাগরিক সনদ হলো কোন দপ্তর কর্তৃক ঘোষিত সেবা প্রদানের সময়সীমা বা মান সম্পর্কিত একটি অঙ্গীকারনামা। সিটিজেন চার্টার শুধুমাত্র নাগরিক সেবা সম্পর্কিত একটি দলিল-ই নয় বরং এটি এমন একটি উদ্যোগ যার মূল উদ্দেশ্য হলো নাগরিক সেবার মানোন্নয়ন। তিনি আরও বলেন সেবা প্রাপ্তি সহজিকরণ, সেবা প্রাপ্তি সুলভ করা, সেবা প্রদান পদ্ধতিতে স্বচ্ছতা আনয়ন, সেবা প্রদানকারী দপ্তরের দক্ষতা এবং জবাবদিহিতা বৃদ্ধি করা। বিএআরসিতে বর্তমানে সিটিজেন চার্টার মোতাবেক ০৬ টি নাগরিক সেবা, ১৫ টি দাপ্তরিক সেবা এবং ২০ টি অভ্যন্তরীণ সেবা প্রদান করা হচ্ছে। তিনি কর্মশালায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও নতুন সেবা অন্তর্ভুক্তিকরণ বিষয়ে সেবা প্রক্রিয়ার স্টেজ, সাধারণ ব্যত্যয়/ত্রুটি-বিচ্যুতিসমূহ ইত্যাদি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত গাইডলাইন অনুসরণের ওপর গুরুত্বারোপ করের্ন।

সভাপতি কারিগরি অধিবেশনে বিএআরসি'র সকল ইউনিট ও বিভাগ তাদের প্রদত্ত সিটিজেন চার্টারভুক্ত সেবা কার্যক্রমের অগ্রগতি, সেবা হালনাগাকরণ ও প্রস্তাবিত সেবাসমূহ উপস্থাপনের আহবান জানান। ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ; ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক প্রশাসন ও অর্থ বিভাগ ও মো: মুস্তাফিজুর রহমান, পরিচালক (চলতি দায়িত্ব), জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বিএআরসি উক্ত অধিবেশনে আলোচক হিসেবে অংশগ্রহণ ও মতামত প্রদান করেন।

বিএআরসি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পর্যায়ক্রমিকভাবে বিভাগ, ইউনিট ও শাখার সেবা কার্যক্রম উপস্থাপন করেন। উক্ত কর্মশালায় বিভাগ ও ইউনিট কর্তৃক প্রদত্ত সেবার বিষয়ে তথ্য উপস্থাপনের পাশাপাশি সিটিজেন চার্টারে সেবা হালনাগাদকরণ ও নতুন সেবা অর্ন্তভূক্তির প্রস্তাব প্রদান করেন।

১। সাপোর্ট সার্ভিস ইউনিট প্রদত্ত বর্তমানে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত পানি, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস, সিটি কর্পোরেশন বিল পরিশোধ এবং জ্বালানীর বিল পরিশোধ শীর্ষক ০২টি দাপ্তরিক সেবার উপর্যুক্ত সেবা ক্যাটাগারি নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।

২। সংস্থাপন শাখা প্রদত্ত অর্জিত ছুটি/ মেডিক্যাল ছুটি/ প্রসূতি ছুটি/ বহি:বাংলাদেশ /শ্রান্তিবিনোদন ছুটি শীর্ষক অভ্যন্তরীণ সেবাটি অনলাইন ভিত্তিক করার বিষয়ে আলোচনা হয়।

৩। পুষ্টি ইউনিট কর্তৃক মাটি ও পানি বিশ্লেষণের নিমিত্ত প্যারামিটারসমূহের মানমাত্রা নির্ধারণ সংক্রান্ত একটি নাগরিক সেবা হিসেবে প্রদান করা যায় কি না সে বিষয়ে একটি প্রস্তাবনা উত্থাপিত হয় ও বিস্তারিত আলোচনা হয়।

৪। গ্রন্থাগার ও তথ্য সেবাটির ক্ষেত্র ও পরিসর বিষয়ে বিশদ আলোচনা হয়। আলোচক ও সভাপতি আলচনান্তে পরিচালক এআইসি-কে সেবাটি যথাযথভাবে প্রদান করা হচ্ছে কিনা তা পর্যালোচনার নির্দেশনা প্রদান করেন।

৫। 'কৃষি প্রযুক্তি, কৃষিক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান' সেবাটি কাউন্সিলের সংশ্লিষ্ট কারিগরি বিভাগ ও ইউনিটের মাধ্যম সেবা কার্যক্রম পরিচালিত হয়। এক্ষেত্রে সেবাটি সকল কারিগরি বিভাগ ও ইউনিটের ভিন্ন ভিন্ন নামে উপস্থাপন না করে 'কৃষি প্রযুক্তি, কৃষিক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান' শিরোনামে নাগরিক সেবা প্রদান ও এর সমন্বয়কারী কর্মকর্তা হিসেবে পরিচালক (টিটিএমইউ) দায়িত্ব পালন করবেন। এছাড়াও সংশ্লিষ্ট কারিগরি বিভাগ ও ইউনিট এর নাম (পরিশিষ্ট-ক) রেফারেন্স হিসেবে উল্লেখ বিষয়ে আলোচনা হয়।

৫। জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট প্রদত্ত 'বিদেশ থেকে প্রত্যাবর্তন প্রতিবেদন ও ব্যক্তিগত কর্মপরিকল্পনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ' শিরোনামে একটি নতুন অভ্যন্তরীণ সেবা সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়। এছাড়াও দেশের অভ্যন্তরে পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান সেবাটি হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়।

৬। কম্পিউটার ও জিআইএস ইউনিট প্রস্তাবিত ডি-নথিতে আইডি তৈরী ও পরিবর্তন ও ওয়েবসাইট হালনাগাদকরণ দুটি অভ্যন্তরীণ সেবা এবং অনলাইন অ্যাপ্লিকেশন সংক্রান্ত কারিগরি সহযোগিতা দাপ্তরিক সেবা হিসেবে সিটিজেন চার্টারে অন্তর্ভূক্তি বিষয়ে আলোচনা করা হয়।

৫। সভায় প্রতিটি বিভাগ ও ইউনিট কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিষয়ে একটি রিপোর্ট তিনমাস পর পর দেয়া যেতে পারে মর্মে প্রস্তাব রাখা হয়।

৬। গবেষণা প্রতিষ্ঠানসমূহের প্রণীত প্রকল্প মূল্যায়ন ও মতামত প্রদান শীর্ষক সেবাটি বিভিন্ন কারিগরি বিভাগ সরাসরি না দিয়ে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের মাধ্যমে প্রদানের বিষয়ে আলোচনা হয়।

৭। প্রতিটি বিভাগ ও ইউনিট কর্তৃক সিটিজেন চার্টার সংক্রান্ত রিপোর্ট উপস্থাপনের ক্ষেত্রে ভিন্নতা থাকায় একটি নির্দিষ্ট ফরম্যাট অনুসরণ বিষয়ে আলোচনা হয়।

৮। সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ ও অন্যান্য নাগরিক সেবাসমূহ পর্যায়ক্রমিকভাবে অনলাইন সেবা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।

৯। সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সময়সীমা মধ্যে সেবাগ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান ও প্রযোজ্যক্ষেত্রে সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়।

সেশন চেয়ার, আলোচকের মতামত ও উন্মুক্ত আলোচনার মাধ্যমে বিএআরসি'র সিটিজেন চার্টার বিষয়ে নিম্নোক্ত সুপারিশসমূহ প্রদান করা হয়:

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬.১ | পানি, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস, সিটি কর্পোরেশন বিল পরিশোধ শীর্ষক দাপ্তরিক সেবা মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী যাচাই করে উপর্যুক্ত সেবা ক্যাটাগরিতে নির্ধারণ; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি। |
| ৬.২ | সংস্থাপন শাখা প্রদত্ত অর্জিত ছুটি/মেডিক্যাল ছুটি/প্রসূতি ছুটি/ বহি:বাংলাদেশ/শ্রান্তিবিনোদন ছুটি শীর্ষক অভ্যন্তরীণ সেবাসমূহ পর্যায়ক্রমিকভাবে অনলাইন সেবা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সংস্থাপন শাখা এবং কম্পিউটার ও জিআইএস ইউনিট |
| ৬.৩ | গ্রন্থাগার ও তথ্য সেবাটির ক্ষেত্র ও পরিসর পর্যালোচনা করে সেবাটি হালনাগাদের ব্যবস্থা গ্রহণ; | পরিচালক, কৃষি তথ্য কেন্দ্র, বিএআরসি |

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬.৪ | প্রতিটি বিভাগ ও ইউনিট কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিষয়ে রিপোর্ট তিনমাস পর পর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সকল বিভাগ ও ইউনিট বিএআরসি। |
| ৬.৫ | গবেষণা প্রতিষ্ঠানসমূহের প্রণীত প্রকল্প মূল্যায়ন ও মতামত প্রদান শীর্ষক সেবাটি পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের সমন্বয়ে প্রদান; | পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের সমন্বয়ে সকল কারিগরি বিভাগ/ইউনিট, বিএআরসি |
| ৬.৬ | নতুন সেবা অর্ন্তভূক্তির প্রস্তাবনাসমূহ সিটিজেন চার্টার এর কাঠামো অনুযায়ী যাচাই-বাছাই করে চুড়ান্তকরণের ব্যবস্থা গ্রহণ | সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি। |
| ৬.৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক বর্ণিত সময়সীমার মধ্যে মান সম্পন্ন সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সকল বিভাগ, ইউনিট ও শাখা বিএআরসি। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা।